

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২৮৪৭

৫৬/ জিহাদ ও যুদ্ধকালীন আচার ব্যবহার (کتاب الجهاد والسير) পরিচ্ছেদঃ ৫৬/৪১. একজন তথ্যানুসন্ধানী পাঠানো যায় কি?

بَابُ هَلْ يُبْعَثُ الطَّلِيْعَةُ وَحْدَهُ

আরবী

حَدَّ ثَنَا صَدَقَةُ أَخْبَرَنَا ابْنُ عُيَيْنَةَ حَدَّثَنَا ابْنُ الْمُنْكَدِرِ سَمِعَ جَابِرَ بْنَ عَبْدِ اللهِ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ نَدَبَ النَّبِيُّ صلى الله عليه وسلم النَّاسَ قَالَ صَدَقَةُ أَظُنُّهُ يَوْمَ الْخَنْدَقِ عَنْهُمَا قَالَ نَدَبَ النَّبِيُّ صلى الله عليه وسلم النَّاسَ قَالَ صَدَقَةُ أَظُنُّهُ يَوْمَ الْخَنْدَقِ فَانْتَدَبَ النَّبِيُّ فَقَالَ النَّبِيُّ فَانْتَدَبَ الزَّبَيْرُ ثُمَّ نَدَبَ النَّاسَ فَانْتَدَبَ الزَّبَيْرُ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم إِنَّ لِكُلِّ نَبِيٍّ حَوَارِيًّا وَإِنَّ حَوَارِيَّ الزَّبَيْرُ بْنُ الْعَوَّامِ صلى الله عليه وسلم إِنَّ لِكُلِّ نَبِي حَوَارِيًّا وَإِنَّ حَوَارِيَّ الزَّبَيْرُ بْنُ الْعَوَّامِ

বাংলা

২৮৪৭. জাবির ইবনু 'আবদুল্লাহ্ (রাঃ) হতে বর্ণিত। নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) লোকদের ডাক দিলেন। সাদাকা (রহ.) বলেন, আমার মনে হয়, এটি খন্দকের যুদ্ধের সময়ের ঘটনা। যুবাইর (রাঃ) তাঁর ডাকে সাড়া দিলেন। তিনি আবার লোকদের আহবান করলেন, এবারও যুবাইর (রাঃ) সাড়া দিলেন। আল্লাহর রাসূল (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) পুনরায় লোকদের ডাক দিলেন। এবারও কেবল যুবাইর (রাঃ) সাড়া দিলেন। তখন নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, 'প্রত্যেক নবীর জন্য বিশেষ সাহায্যকারী থাকে। আমার বিশেষ সাহায্যকারী যুবাইর ইবনু আওয়াম (রাঃ)।' (২৮৪৬) (আধুনিক প্রকাশনীঃ ২৬৩৭, ইসলামিক ফাউন্ডেশনঃ ২৬৪৭)

English

Narrated Jabir bin `Abdullah:

When the Prophet (ﷺ) called the people (Sadqa, a sub-narrator, said, 'Most probably that happened on the day of Al-Khandaq) Az-Zubair responded to the call (i.e. to act as a reconnoiter). The Prophet) called the people again and Az-Zubair responded to the call. The Prophet (ﷺ) then said, "Every prophet had a disciple and my disciple is Zubair bin Al-`Awwam."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন